কনফিডেন্সসিমেন্ট
A গ্রেড ক্লিংকার
☎01755550035-36

চট্টগ্রাম মঙ্গলবার ১৯ ডিসেম্বর ২০২৩

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৮তম বর্ষ ২৯৭তম সংখ্যা।। ৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ।। ৫ জমাদিউস সানি ১৪৪৫ হিজরি।। Tuesday 19 December 2023।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

দৈনিকপূর্বকোণ
ব্রেকিং নিউজ
পেতে যে কোন
রবি/এয়ারটেল
নাম্বার থেকে
ডায়াল করুন
*213*3368#
*২.৬৭ টাকা চার্জ প্রযোজ্য

# প্রিমিয়ার ভার্সিটির অর্থনীতি বিভাগের সেমিনার সম্পন্ন

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে সভাপতিত্ব করেন অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন ফারজানা ইয়াসমিন চৌধুরী। সেমিনারে মূল বক্তা ছিলেন সহকারী অধ্যাপক উম্মে সালমা। তিনি সেমিনারে একটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি প্রবন্ধে বলেন, সাম্প্রতিক বিশ্বে মুদ্রাস্ফীতি এবং পরিবেশ বিপর্যয় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই দুটো বিষয়ের প্রভাব রয়েছে আমাদের অর্থনীতি, সমাজ এবং প্রাকৃতিক পরিবেশে। বাংলাদেশ হলো বিশ্বের অন্যতম একটি দেশ, যা জলবায়ু পরিবর্তন এবং বৈশ্বিক উষ্ণায়নের শিকার। এই দেশ কৃষি, শিল্প এবং জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীল। বিশ্বের পাশাপাশি বাংলাদেশেও উষ্ণায়ন এবং পরিবেশ বিপর্যয় ঘটছে। অধিকন্তু কয়েক বছর ধরে এদেশে উচ্চ মূল্যস্ফীতি চলছে। এই প্রেক্ষাপটে এই গবেষণার মূল উদ্দেশ্য হলো, মুদ্রাস্ফীতির উপর পরিবেশ বিপর্যয় তথা কার্বন নির্গমনের কোনো প্রভাব আছে কিনা যাচাই করা। সেমিনারে আলোচক ছিলেন সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ ও বদরুল হাসান আউয়াল। সেমিনারের সার্বিক সহযোগিতায় ছিল প্রিমিয়ার ইউ-নিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 19 December 2023, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-12-19

মঙ্গলবার
চট্টগ্রাম
১৯ ডিসেম্বর ২০২৩
৪ পৌষ ১৪৩০
৫ জমাদিউস সানি ১৪৪৫
বর্ষ-১২, সংখ্যা-৭

আস্থায় সংযোগে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএন্ডটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

মুক্তিযুদ্ধের বিজয় মুক্তিকামী মানুষের প্রেরণা ৩
কাপ্তাই হ্রদের পানি হ্রাস-বিপর্যয়ের শঙ্কা ৪
স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করবেন পুতিন ৬
শ্রমবাজার খুলে দিল মালদ্বীপ ৮

# প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সেমিনার

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে একটি সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে সভাপতিত্ব করেন অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন ফারজানা ইয়াসমিন চৌধুরী। এই সেমিনারে মূল বক্তা ছিলেন সহকারী অধ্যাপক উম্মে সালমা। তিনি সেমিনারে 'Inflation and the Environment: An Econometric Analysis' শীর্ষক একটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি প্রবন্ধে বলেন, সাম্প্রতিক বিশ্বে মুদ্রাস্ফীতি এবং পরিবেশ বিপর্যয় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই দুটো বিষয়ের প্রভাব রয়েছে আমাদের অর্থনীতি, সমাজ এবং প্রাকৃতিক পরিবেশে। বাংলাদেশ হলো বিশ্বের অন্যতম একটি দেশ, যা জলবায়ু পরিবর্তন এবং বৈশ্বিক উষ্ণায়নের শিকার। এই দেশ কৃষি, শিল্প এবং জীবাশ্ম জ্বালানীর উপর নির্ভরশীল। বিশ্বের পাশাপাশি বাংলাদেশেও উষ্ণায়ন এবং পরিবেশ বিপর্যয় ঘটছে। অধিকন্তু কয়েক বছর ধরে এদেশে উচ্চ মূল্যস্ফীতি চলছে। এই প্রেক্ষাপটে এই গবেষণার মূল উদ্দেশ্য হলো, মুদ্রাস্ফীতির উপর পরিবেশ বিপর্যয় তথা কার্বন নির্গমনের কোনো প্রভাব আছে কিনা যাচাই করা। পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি, শস্য উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানীর ভোগের পরিবর্তনের ফলে মুদ্রাস্ফীতির পরিবর্তন কেমন তা পরীক্ষা করা। সেমিনারে আলোচক ছিলেন সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ ও বদরুল হাসান আউয়াল। অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন ফারজানা ইয়াসমিন চৌধুরী সমাপনী বক্তব্যে সমসাময়িক উন্নয়ন অর্থনীতিতে পরিবেশ দূষণ এবং প্রবৃদ্ধি সংক্রান্ত গবেষণার গুরুত্ব ও ব্যাষ্টিক অর্থনীতি কীভাবে পরিবেশ দূষণ দ্বারা প্রভাবিত হয় সেই বিষয়ে আলোকপাত করেন। এই সেমিনারে অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং সকল ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। সেমিনারের সার্বিক সহযোগিতায় ছিল প্রিমিয়ার ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সেমিনার

Ref: Daily Purbodesh, Date: 19 December 2023, Page: 2, Col: 1
https://epurbodesh.com/edition/725/১৯-ডিসেম্বর-২০২৩/page/2

চট্টগ্রাম • মঙ্গলবার • ১৯ ডিসেম্বর ২০২৩ • ৪ পৌষ ১৪৩০ • ৫ জমাদিউস সানি ১৪৪৫
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২০ সংখ্যা ১২২

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ রমজানে নিত্যপণ্যের মূল্য স্বাভাবিক রাখার আহ্বান
৫ উপজেলা পর্যায়ে জনশক্তি অফিস স্থাপনের আহ্বান
৬ ১০ জন নিয়েই চ্যাম্পিয়ন কিংস



চট্টগ্রাম-কক্সবাজার ট্রেন চলাচল শুরু হোক শীঘ্রই

১১ নভেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দোহাজারী-কক্সবাজার নতুন রেললাইনের উদ্বোধন করেন।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সেমিনারে অতিথিবৃন্দ

# প্রিমিয়ার ইউনিভার্সিটির সেমিনার

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে একটি সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে সভাপতিত্ব করেন অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন ফারজানা ইয়াসমিন চৌধুরী। এই সেমিনারে মূল বক্তা ছিলেন সহকারী অধ্যাপক উম্মে সালমা। তিনি সেমিনারে 'Inflation and the Environment: An Econometric Analysis' শীর্ষক একটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

তিনি প্রবন্ধে বলেন, সাম্প্রতিক বিশ্বে মুদ্রাস্ফীতি এবং পরিবেশ বিপর্যয় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই দুটো বিষয়ের প্রভাব রয়েছে আমাদের অর্থনীতি, সমাজ এবং প্রাকৃতিক পরিবেশে। বাংলাদেশ হলো বিশ্বের অন্যতম একটি দেশ, যা জলবায়ু পরিবর্তন এবং বৈশ্বিক উষ্ণায়নের শিকার। এই দেশ কৃষি, শিল্প এবং জীবাশ্ম জ্বালানীর উপর নির্ভরশীল।

বিশ্বের পাশাপাশি বাংলাদেশেও উষ্ণায়ন এবং পরিবেশ বিপর্যয় ঘটছে। অধিকন্তু কয়েক বছর ধরে এদেশে উচ্চ মূল্যস্ফীতি চলছে। এই প্রেক্ষাপটে এই গবেষণার মূল উদ্দেশ্য হলো, মুদ্রাস্ফীতির উপর পরিবেশ বিপর্যয় তথা কার্বন নির্গমনের কোনো প্রভাব আছে কিনা যাচাই করা।

পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি, শস্য উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানীর ভোগের পরিবর্তনের ফলে মুদ্রাস্ফীতির পরিবর্তন কেমন তা পরীক্ষা করা। অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে প্রাপ্ত ফলাফল থেকে দেখা যায়, দীর্ঘ মেয়াদে কার্বন নির্গমন এবং মুদ্রাস্ফীতি এই দুটোর মধ্যে সরাসরি এবং উল্লেখযোগ্য সম্পর্ক রয়েছে। উষ্ণায়ন তথা কার্বন নির্গমন যদি বাড়ে মুদ্রাস্ফীতি বাড়বে। অন্যদিকে কৃষি উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানীর ব্যবহার বাড়লে দীর্ঘ মেয়াদে মুদ্রাস্ফীতি কমবে। তাছাড়া স্বল্পমেয়াদে মুদ্রাস্ফীতির উপর কার্বন নির্গমন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, কৃষি উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানী ব্যবহারের উল্লেখযোগ্য প্রভাব নেই। উল্লেখ্য, বাংলাদেশ বর্তমানে বেশ কিছু কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র চালু করেছে। তাই এই গবেষণায় আশংকা করা হয়, এই প্রজেক্টের কারণে কার্বন নির্গমন আরো বৃদ্ধি পাবে। সেক্ষেত্রে সতর্কতামূলক উল্লেখযোগ্য কিছু সুপারিশ হলো, পরিবেশ বিপর্যয় ঠেকানো এবং মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে এমন রাজস্ব নীতি ও আর্থিক নীতি প্রণয়ন করা, যা টেকসই ভোগ ও উৎপাদন নিশ্চিত করবে, এছাড়াও সামাজিক সচেতনতা বৃদ্ধি, যথাযথ অভিযোজন নীতি প্রণয়ন, কার্বন টেক্রা আরোপ, কৃষিজাত পণ্যের জোগান নিশ্চিত করা। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 19 December 2023, Page: 4, Col: 1
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-12-19